গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র



| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ২ | উপক্রমণিকা | ৪ |
| ৩ | সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন ২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫ | সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১১ |
| ৬ | অঙ্গীকারনামা | ১২ |
| ৭ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৩ |
| ৮ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১৪ |
| ৯ | সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৫ |

# ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department of Immigration and Passports)

**সাম্প্রতিক অর্জন ঃ**

দেশের অভ্যন্তরে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ৬৭টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও দেশের বাইরে ৬৫টি বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে এমআরপি ও এমআরভি ইস্যু করার লক্ষ্যে "ইন্ট্রোডাকশন অব মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এন্ড মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইন বাংলাদেশ শীর্ষক" প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি জুলাই ২০০৯ থেকে শুরু হয়ে জুন ২০১৪ পর্যন্ত চলার পর পাঁচ দফায় ডিসেম্বর ২০১৭ পর্যন্ত এর মেয়াদ বৃদ্ধি করা হয়। ইতোমধ্যে প্রকল্পের আওতায় দেশের অভ্যন্তরে ৬৭টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ৬৫টি বাংলাদেশ দূতাবাসে সফটওয়্যার, হার্ডওয়্যার ও নেটওয়ার্ক স্থাপন সম্পন্ন করা হয়েছে। এ সকল অফিস হতে এমআরপি ও এমআরভি ইস্যু করা হচ্ছে। মার্চ ২০১৭ সালের মধ্যে ১ কোটি ৬৫ লক্ষ এমআরপি ও প্রায় ৪,২০,০০০ টি এমআরভি ইস্যু করা হয়েছে। এ পর্যন্ত অধিদপ্তরের রাজস্ব আয় প্রায় ৭৫০০ কোটি টাকা। ICAO এর ডেডলাইন অনুসারে ২৪ নভেম্বর ২০১৫ সালের মধ্যে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানের লক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে । প্রকল্প শুরুর পর এমআরপি এন্ড এমআরভি সিস্টেমটি সফলভাবে পরিচালনার লক্ষ্যে অধিদপ্তরের জনবল ৩৯৭ থেকে ১১৮৪-তে উন্নীত করা হয়েছে। অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে কারিগরি পদ সৃজন করে জনবল নিয়োগ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ ইতোমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ নিয়ে এমআরপি ও এমআরভি সিস্টেমটি পরিচালনা করছেন। সকল জেলায় বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩৩টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবনে পাসপোর্ট প্রদানের কার্যক্রম চলছে। এর পাশাপাশি একটি পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণের কার্যক্রম চলছে এবং ১৭টি জেলায় নতুন ভবন নির্মাণের সরকারি অনুমোদন পাওয়া গেছে । জনসংখ্যার ঘনত্ব ও জনগণের চাহিদার কথা বিবেচনা করে ঢাকা শহরে অতিরিক্তি ৪টি অফিস সৃজন করা হয়েছে। তন্মধ্যে ২টি অফিস এমআরপি প্রদান কার্যক্রম শুরু করেছে। তাছাড়া প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট পেতে দীর্ঘ বিলম্বের বিষয়টি বিবেচনা করে বেসরকারি কুরিয়ার সার্ভিস ফেডারেল এক্সপ্রেসের সাথে চুক্তি করা হয়েছে। ফেডারেল এক্সপ্রেস গত ২ এপ্রিল ২০১৭খ্রিঃ থেকে কার্যক্রম শুরু করেছে। ফলে ৩ থেকে ৫ দিনের মধ্যে বিদেশস্থ মিশনসমূহে আবেদনকারী প্রবাসী বাংলাদেশীদের হাতে পাসপোর্ট পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ**

বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট প্রদান এবং বাংলাদেশে ভ্রমণেচ্ছু বিদেশি নাগরিকদের ভিসা প্রদান ও ভিসার মেয়াদ বৃদ্ধি করাই ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান দায়িত্ব। দেশে ও বিদেশে বাংলাদেশ মিশনসমূহ হতে মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) ও মেশিন রিডেবল ভিসা(এমআরভি) প্রদান কার্যক্রম শুরু করার ফলে অধিদপ্তরের কার্যপরিধি বৃদ্ধি পেয়েছে। অধিদপ্তরের কার্যক্রম ও সেবার পরিধি বৃদ্ধির সাথে সংগতিপূর্ণ জনবলের অভাব, যানবাহনের স্বল্পতা এবং সীমিত আনুষঙ্গিক সুযোগ সুবিধার মাধ্যমে উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করা একটি বড় চ্যালেঞ্জ। এছাড়াও অধিদপ্তরের দায়িত্বসমূহ যথাযথভাবে পালন করার ক্ষেত্রে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হলো: পাসপোর্ট প্রত্যাশীদের সচেতনতার অভাব, দালাল ও প্রতারকদের দ্বারা হয়রানি প্রতিরোধ করা, পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে ভূয়া সত্যায়নে আবেদনপত্র জমা করার প্রবণতা, ভুল জাতীয় পরিচয়পত্র ও জন্মসনদ আবেদনপত্রে সংযোজন করা, একই ব্যক্তির ভিন্ন ভিন্ন তথ্য দিয়ে পাসপোর্টের আবেদন করার প্রবণতা, সময় মতো পুলিশ প্রতিবেদন না পাওয়া ও অসম্পূর্ণ পুলিশ প্রতিবেদন প্রেরণ এবং বিদেশে বাংলাদেশ মিশন সমূহে অধিদপ্তরের জনবল না থাকায় প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানে বিভিন্ন জটিলতা ও ধীরগতি।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ই-পাসপোর্ট প্রবর্তন এবং এয়ারপোর্ট সমূহে ই-গেইট (e-Gate) প্রবর্তনের মাধ্যমে সহজে ইমিগ্রেশন সম্পন্নকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া ১৬টি জেলায় পাসপোর্ট অফিস ভবন, প্রধান কার্যালয়ের জন্য স্বতন্ত্র স্থানে নিজস্ব ভবন নির্মাণ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ একাডেমি ভবন নির্মাণ, পাসপোর্ট আইন-২০১৬ ও ইমিগ্রেশন আইন প্রণয়ন, পাসপোর্টের মেয়াদ ১০ বছরে উন্নীতকরণ, পাসপোর্টের আবেদন ফরমে সত্যায়নের বিধান বাতিল করা, স্মার্ট কার্ড প্রাপ্ত বাংলাদেশী নাগরিকদের পুলিশ প্রতিবেদন স্থগিত রেখে এমআরপি প্রদান, সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ ও শূণ্য পদে নিয়োগ সম্পন্ন করা, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট ও ভিসা উইং-এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, মহাপরিচালকসহ কর্মকর্তা-কর্মচারীদের পরিবহন ও আবাসিক সমস্যার সমাধান, সকল স্থল/নৌ/বিমানবন্দরের ইমিগ্রেশন কার্যক্রমে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পদায়ন, অধিদপ্তরের ১ম শ্রেণীর পদসমূহ ক্যাডারভুক্তিকরণ এবং ই-ভিসা(e-Visa) চালুকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

**২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- পাসপোর্টের বিধিবিধান অনুসরণ করে AFIS ভেরিফিকেশনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) ইস্যুকরণের হার বৃদ্ধিকরণ; সম্ভাব্য ইস্যুকৃত এমআরপি ৩২,৩০,০০০টি;
- ভিসা নীতিমালা ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইস্যুকরণের হার বৃদ্ধিকরণ; সম্ভাব্য ইস্যুকৃত এমআরভি ১২৪,০০০টি;
- আরো ১৬ (ষোল) টি পাসপোর্ট অফিস ভবন নির্মাণ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ একাডেমির নির্মাণ কাজ শুরু করা;
- ঢাকায় নবসৃষ্ট আরো ২ (দুইটি) পাসপোর্ট অফিসের কার্যক্রম শুরু করা;
- নবনির্মিত পার্সোনালাইজেশন কমপ্লেক্সে কার্যক্রম চালু করা।

## উপক্রমণিকা (Preamble)

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্য-

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের ...জুন....... মাসের...২২................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন-১

## অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ঃ

### ১.১ রূপকল্প (Vision)ঃ

বাংলাদেশী নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করা এবং ইমিগ্রেশন প্রক্রিয়া সহজতর করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)ঃ

বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি সমুজ্জল করা এবং বাংলাদেশী নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করার লক্ষ্যে পাসপোর্ট প্রত্যাশী সকল বাংলাদেশী নাগরিককে সহজে ও দ্রুততম সময়ে আন্তর্জাতিক মানসম্পন্ন পাসপোর্ট প্রদান এবং বিদেশিদের বাংলাদেশে গমনাগমন/অবস্থানের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন ভিসা প্রদান, ভিসা ইস্যু প্রক্রিয়া যুগোপযোগীকরণ এবং এয়ারপোর্ট সমূহে ই-গেইট (e-Gate) প্রবর্তনের মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ে ইমিগ্রেশন সম্পন্নকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ

১.৩.১ সহজ ও দ্রুততম উপায়ে পাসপোর্ট প্রদানের মাধ্যমে বাংলাদেশী নাগরিকদের বিদেশ গমনাগমন সহজীকরণ;

১.৩.২ বিদেশিদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসার মেয়াদ বৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান;

১.৩.৩ ইমিগ্রেশন প্রক্রিয়া সহজীকরণ ও আধুনিকায়ন;

১.৩.৪ পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়ন।

### ১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৪.১ দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
১.৪.২ কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
১.৪.৩ আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
১.৪.৪ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
১.৪.৫ তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।

### ১.৫ কার্যাবলি (Functions):

১.৫.১ বাংলাদেশী নাগরিকদের অর্ডিনারী, অফিসিয়াল ও ডিপ্লোমেটিক পাসপোর্ট প্রদান;
১.৫.২ বিদেশি নাগরিকদের বিভিন্ন শ্রেণীর ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ;
১.৫.৩ বিদেশি নাগরিকদের অন এরাইভাল ভিসা প্রদান;
১.৫.৪ বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশি নাগরিকদের নো ভিসা প্রদান;
১.৫.৫ সার্ক ভিসা এক্সাম্পশন স্টিকার প্রদান;
১.৫.৬ কালো তালিকা সংরক্ষণ;
১.৫.৭ ভিসার জন্য বিদেশি নাগরকিদের কালো তালিকাভুক্তকরণ;
১.৫.৮ প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট বাতিল, আটক ও রহিতকরণ;
১.৫.৯ এমআরপি পার্সোনালাইজড করে দেশে ও মিশনসমূহে সরবরাহকরণ;
১.৫.১০ পাসপোর্ট বুকলেট ও ভিসা স্টিকার ক্রয় প্রক্রিয়াকরণ করা;
১.৫.১১ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরপি আবেদন ফরম, ভিসা স্টিকার ও ট্রাভেল পারমিট সরবরাহকরণ;
১.৫.১২ বিদেশিদের পরিচিতি সনদ (Certificate of Identify) প্রদান;
১.৫.১৩ বিদেশি নাগরিকদের বাংলাদেশ হতে বহির্গমনের জন্য রুট পরিবর্তন অনুমতি (Route Change Permit) দেওয়া;
১.৫.১৪ বিদেশস্থ বাংলাদেশ মিশনের Consular Wing এর কার্যক্রমের সাথে সমন্বয়সাধন করা;
১.৫.১৫ পাসপোর্ট ও ভিসা ইস্যুর ক্ষেত্রে সরকারের হালনাগাদ নীতিমালা ও বাস্তবায়ন পদ্ধতি মিশনগুলোকে অবহিত করা;
১.৫.১৬ সপ্তাহের প্রতিদিন ২৪ ঘন্টা নেটওয়ার্ক কন্ট্রোল টিম ও সাপোর্ট সেলের মাধ্যমে দেশে ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরপি ও এমআরভি কার্যক্রমে কারিগরি সহায়তা দেওয়া;
১.৫.১৭ ফেসবুকের মাধ্যমে পাসপোর্ট প্রত্যাশীদের তথ্য সহায়তা প্রদান;
১.৫.১৮ বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত যেকোনো দায়িত্ব পালন করা ইত্যাদি।

## সেকশন-২

## অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (**Outcome/Impact**)

| চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance indicator) | একক(Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১. নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুকরণের হার বৃদ্ধি | [১.১] নির্ধারিত সময়ে ইস্যুকৃত এমআরপি | সংখ্যা | ৩১৪৩৩০১ | ৩২০৫০০০ | ৩২৩০০০০ | ৩২৫০০০০ | ৩২৭০০০০ | ১. বাংলাদেশ নির্বাচন কমিশন;<br>২. বাংলাদেশ ডাক বিভাগ;<br>৩. ফেডারেল এক্সপ্রেস;<br>৪. জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প;<br>৫. বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা;<br>৬. ব্যাংকসমূহ (স্বায়ত্ত্বশাসিত ব্যাংক- সোনালী ব্যাংক ও পাঁচটি বেসরকারী ব্যাংক- ওয়ান ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ব্যাংক এশিয়া, প্রিমিয়ার ব্যাংক ও ঢাকা ব্যাংক) | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন |
| ২. নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণের হার বৃদ্ধি | [২.১] নির্ধারিত সময়ে ইস্যুকৃত এমআরভি | সংখ্যা | ৫০৪০৬ | ১১৫০০০ | ১২৪০০০ | ১২৭০০০ | ১৩০০০০ | বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন |

*সাময়িক

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্যে, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৭-২০১৮ (Target/Criteria Value for FY 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:(মোট মান ৮০)** | | | | | | | | | | | | | | |
| ১. সহজ ও দ্রুততম উপায়ে পাসপোর্ট প্রদানের মাধ্যমে বাংলাদেশী নাগরিকদের বিদেশ গমনাগমন সহজীকরণ | ৫০ | [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুকরণ | [১.১.১] নির্ধারিত সময়ে তদন্তে প্রেরণকৃত আবেদন | সংখ্যা | ৬ | ১৬৮৬৪১৫ | ১৭০০০০০ | ১৭১২০০০ | ১৭০৭০০০ | ১৭০২০০০ | ১৭০০০০০ | ১৬৯০০০০ | ১৭১৫০০০ | ১৭১৮০০০ |
| | | | [১.১.২] নির্ধারিত সময়ে প্রাপ্ত অনুকূল পুলিশ প্রতিবেদন | সংখ্যা | ৬ | ১৬৮১০৯৫ | ১৬৫০০০০ | ১৬৯৫০০০ | ১৬৮০০০০ | ১৬৬৫০০০ | ১৬৫০০০০ | ১৬৩৫০০০ | ১৭০০০০০ | ১৭১০০০০ |
| | | | [১.১.৩] নির্ধারিত সময়ে পেমেন্ট যাচাইকৃত আবেদন | সংখ্যা | ৫ | ৩১৪৩৩০১ | ৩২০৫০০০ | ৩২৩০০০০ | ৩২২০০০০ | ৩২১০০০০ | ৩২০৫০০০ | ৩১৬০০০০ | ৩২৫০০০০ | ৩২৭০০০০ |
| | | | [১.১.৪] নির্ধারিত সময়ে AFIS অনুমোদনকৃত আবেদন | সংখ্যা | ৬ | ৩১৯১৭২৭ | ৩১৮০০০০ | ৩২১০০০০ | ৩২০০০০০ | ৩১৯০০০০ | ৩১৮০০০০ | ৩১৭০০০০ | ৩২২০০০০ | ৩২৩০০০০০ |
| | | | [১.১.৫] নির্ধারিত সময়ে ডেমোগ্রাফিক তথ্য যাচাইকৃত আবেদন | সংখ্যা | ৪ | ৩২৪৩৬০২ | ৩২৪০০০০ | ৩২৫৫০০০ | ৩২৫০০০০ | ৩২৪৫০০০ | ৩২৪০০০০ | ৩২৩৫০০০ | ৩২৭০০০০ | ৩২৮০০০০ |
| | | | [১.১.৬] নির্ধারিত সময়ে সেন্ট্রাল রি-ইস্যু ইনভেস্টিভেশন সম্পন্নকৃত আবেদন | সংখ্যা | ৩ | ২০৯৩৮৬ | ১৪০০০০ | ১৮০০০০ | ১৬০০০০ | ১৫০০০০ | ১৪০০০০ | ১৩০০০০ | ১৯০০০০ | ২০০০০০ |
| | | | [১.১.৭] GO/NOC যাচাইয়ের ভিত্তিতে ইস্যুকৃত আবেদন | সংখ্যা | ২ | ৬৬০৫৪২ | ৬৫০০০০ | ৬৫৯০০০ | ৬৫৬০০০ | ৬৫৩০০০ | ৬৫০০০০ | ৬৪৮০০০ | ৬৬৪০০০ | ৬৬৮০০০ |
| | | [১.২] পাসপোর্ট সেবা সহজীকরণের লক্ষ্যে অনলাইন ব্যাংকিং কার্যক্রম জোরদারকরণ | [১.২.১] সকল জেলায় সম্প্রসারিত অনলাইন ব্যাংকিং কার্যক্রম | সংখ্যা | ২ | ৫৯ | - | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৭-২০১৮ (Target/Criteria Value for FY 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | [১.৩] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে এমআরপি কার্যক্রম সম্প্রসারণ | [১.৩.১] বিদেশস্থ মিশনসমূহে সম্প্রসারিত এমআরপি কার্যক্রম | মিশনের সংখ্যা | ৩ | ৫০ | ১৫ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | - | - | - |
| | | [১.৪] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ | [১.৪.১] নির্ধারিত সময়ে ডাকবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | সংখ্যা | ৬ | ৩১৪৩৩০১ | ২৯৩৫০০০ | ২৫০০০০০ | ২৪৭০০০০ | ২৪৫০০০০ | ২৩৫০০০০ | ২৩০০০০০ | ২৫০৫০০০ | ২৫১৫০০০ |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | সংখ্যা | ৪ | -- | ২৭০০০০ | ৭৩০০০০ | ৭২০০০০ | ৭১০০০০ | ২৭০০০০ | ২৬০০০০ | ৭৪৫০০০ | ৭৫৫০০০ |
| | | (১.৫) ই-পাসপোর্ট কার্যক্রম বাস্তবায়ন | (১.৫.১) ই-পাসপোর্ট কার্যক্রম বাস্তবায়িত | % | ৩ | - | ৩০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | ৮০ | ১০০ |
| ২. বিদেশীদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসার মেয়াদ বৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান | ২০ | [২.১] নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণ ও দেশত্যাগের অনুমতি প্রদান | [২.১.১] নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ইস্যুকৃত এমআরভি অথবা দেশত্যাগের অনুমতি | সংখ্যা | ১৫ | ৫০৪০৬ | ১১৫০০০ | ১২৪০০০ | ১২১০০০ | ১১৮০০০ | ১১৫০০০ | ১১২০০০ | ১২৭০০০ | ১৩০০০০ |
| | | [২.২] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে এমআরভি কার্যক্রম সম্প্রসারণ | [২.২.১) বিদেশস্থ মিশনসমূহে সম্প্রসারিত এমআরভি কার্যক্রম | মিশনের সংখ্যা | ৫ | ৫০ | ৮ | ১৫ | ১২ | ১০ | ৮ | - | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা /নির্ণায়ক ২০১৭-২০১৮ (Target/Criteria Value for FY 2017-2018) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-২০১৬ | ২০১৬-২০১৭* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩. ইমিগ্রেশন প্রক্রিয়া সহজীকরণ ও আধুনিকায়ন | ৫ | [৩.১] অটোমেটেড বর্ডার কন্ট্রোল ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় ইমিগ্রেশন চেকপোস্টসমূহে ই-গেইট চালুকরণের মাধ্যমে সহজে স্বয়ংক্রিয়ভাবে ইমিগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করণ | [৩.১.১] স্থাপিত ই-গেইট | সংখ্যা | ৫ | - | - | ২০ | ১৫ | ১০ | ৫ | - | ৫০ | - |
| ৪. পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়ন | ৫ | [৪.১] বাংলাদেশ ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে এমআরপি ও এমআরভি বাবদ প্রাপ্ত অর্থের হিসাব অনলাইন প্রক্রিয়ায় সংগ্রহকরণ ব্যবস্থা চালুকরণ | [৪.১.১] বাংলাদেশ ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে এমআরপি ও এমআরভি বাবদ প্রাপ্ত অর্থের হিসাব অনলাইন প্রক্রিয়ায় সংগ্রহকরণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ৫ | - | - | ২৮ ফেব্রুয়ারি ২০১৮ | ৩১ মার্চ ২০১৮ | ৩০ এপ্রিল ২০১৮ | ৩১ মে ২০১৮ | | | |

*সাময়িক

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্যে, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-২০১৮ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:(মোট মান ২০) | | | | | | | | | | |
| দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-২০১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযয়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/ সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | -- | -- |
| | | দপ্তর/ সংস্থার কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | -- |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP)বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও (SIP)- সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও (SIP) রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-২০১৮ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-২০১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত এবং দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

## অঙ্গীকারনামা

আমি, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| মহাপরিচালক<br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ১৯/৬/১৭<br>তারিখ |
| সচিব<br>সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ১৯.৬.১৭<br>তারিখ |

**শব্দসংক্ষেপ (Acronyms):**

| ক্রমিক নং | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | A2i | Access to Information |
| ২ | AFIS | Automated Finger-Print Identification System |
| ৩ | GO | Government Order |
| ৪ | ICAO | International Civil Aviation Organization |
| ৫ | MRP | Machine Readable Passport |
| ৬ | MRV | Machine Readable Visa |
| ৭ | NOC | No Objection Certificate |
| ৮ | UDC | Union Digital Center |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা পরিমাপ পদ্ধতি-এর বিবরণঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুকরণ | [১.১.১] নির্ধারিত সময়ে তদন্তে প্রেরণকৃত আবেদন | নির্ধারিত সময়ে এমআরপি আবেদনসমূহ তদন্তে প্রেরণ নিশ্চিত করা হয়। | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| | [১.১.২] নির্ধারিত সময়ে প্রাপ্ত অনুকুল পুলিশ প্রতিবেদন | পুলিশ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ ক্লিয়ারেন্স ও ভেরিফিকেশন নিশ্চিত করা। | বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ / বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন/ বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ | |
| | [১.১.৩] নির্ধারিত সময়ে পেমেন্ট যাচাইকৃত আবেদন | নির্ধারিত সময়ে পেমেন্ট যাচাইয়ের মাধ্যমে এমআরপি ইস্যু করা। | ব্যাংক (সোনালী ব্যাংক ও পাঁচটি বেসরকারী ব্যাংক- ওয়ান ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ব্যাংক এশিয়া, প্রিমিয়ার ব্যাংক ও ঢাকা ব্যাংক)/ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ সোনালী ব্যাংক ও পাঁচটি বেসরকারী ব্যাংক হতে প্রাপ্ত তথ্য | |
| | [১.১.৪] নির্ধারিত সময়ে AFIS অনুমোদনকৃত আবেদন | নির্ধারিত সময়ে এমআরপি আবেদনসমূহ AFIS ভেরিফিকেশন নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| | [১.১.৫] নির্ধারিত সময়ে ডেমোগ্রাফিক তথ্য যাচাইকৃত আবেদন | নির্ধারিত সময়ে এমআরপি আবেদনসমূহ ডেমোগ্রাফিক ভেরিফিকেশন নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন/ বাংলাদেশ নির্বাচন কমিশন/ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প | |
| | [১.১.৬] নির্ধারিত সময়ে সেন্ট্রাল রি-ইস্যু ইনভেস্টিভেশন সম্পন্নকৃত আবেদন | নির্ধারিত সময়ে রি-ইস্যু আবেদনের পরিবর্তিত তথ্য যাচাই করে অনুমোদন নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন/ বাংলাদেশ নির্বাচন কমিশন/ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প | |
| | [১.১.৭] GO/NOC যাচাইয়ের ভিত্তিতে ইস্যুকৃত আবেদন | আবেদনকারীর GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত হয়েছে কিনা যাচাই করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন/ GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষ | |
| [১.২] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ | [১.২.১] নির্ধারিত সময়ে ডাকবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ বাংলাদেশ ডাক বিভাগ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস সমূহের মাসিক/বার্ষিক প্রতিবেদন। | |
| | [১.২.২] নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ ফেডারেল এক্সপ্রেস | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ হতে প্রাপ্ত প্রতিবেদন/ ফেডারেল এক্সপ্রেস হতে প্রাপ্ত তথ্য। | |
| [২.১] নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণ ও দেশত্যাগের অনুমতি প্রদান | [২.১.১] নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ইস্যুকৃত এমআরভি অথবা দেশত্যাগের অনুমতি | যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এমআরভি ইস্যু নিশ্চিত করা অথবা দেশত্যাগের অনুমতি প্রদান | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের বার্ষিক প্রতিবেদন/বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ। | |

## সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপর নির্ভরশীলতা:

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুণ | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারী সংস্থা | বাংলাদেশ পুলিশ | নির্ধারিত সময়ে প্রাপ্ত পুলিশ প্রতিবেদন | পুলিশ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ ক্লিয়ারেন্স ও ভেরিফিকেশন নিশ্চিত করা। | প্রাপ্ত অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বাংলাদেশী নাগরিকদের জন্য এমআরপি ইস্যুকরণ এবং বিদেশীদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসার মেয়াদ বৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান | ৮০% | পাসপোর্ট ইস্যুকরণে/ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে |
| সরকারী সংস্থা | বাংলাদেশ ডাক বিভাগ | নির্ধারিত সময়ে ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | নির্ধারিত সময়ে ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ৫৫% | পাসপোর্ট বিতরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে |
| বেসরকারী সংস্থা | ফেডারেল এক্সপ্রেস | নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ৩০% | পাসপোর্ট বিতরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে |
| স্বায়ত্বশাসিত ও বেসরকারী ব্যাংক | ব্যাংক (সোনালী ব্যাংক ও পাঁচটি বেসরকারী ব্যাংক- ওয়ান ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ব্যাংক এশিয়া, প্রিমিয়ার ব্যাংক ও ঢাকা ব্যাংক) | নির্ধারিত সময়ে পেমেন্ট যাচাইকৃত আবেদন | ব্যাংকসমূহ কর্তৃক সংশ্লিষ্ট আবেদনকারীর পাসপোর্ট ফিস জমাদান নিশ্চিত করা | নির্ধারিত সময়ে পেমেন্ট যাচাইয়ের মাধ্যমে এমআরপি ইস্যু করা | ৯৮% | পাসপোর্ট ইস্যু ও বিতরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে |